



# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২৩৫১

তারিখ: ১২/১২/২০১৯

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমের ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমের ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে অগ্রহী আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত কলেজে ০১ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য যে, ২য় পর্যায়ে আবেদনকারীদের নতুন করে কোন মেধা তালিকা দেয়া হবে না, মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই ২য় রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় পর্যায়ের কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। ২য় রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) মাধ্যমে জানিয়ে দেয় হবে।

উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি বিজ্ঞপ্তির (স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২২৮৮, তারিখ: ১৭/০৯/২০১৯) সকল শর্ত ২য় পর্যায়ের প্রাথমিক আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) Professional Tab-এ গিয়ে Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	৩০/১২/২০১৯ থেকে ৩১/১২/২০১৯
২।	সংশ্লিষ্ট কলেজে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ: আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দিতে হবে।	৩১/১২/২০১৯ থেকে ০১/০১/২০২০
৩।	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন নিশ্চয়নের তারিখ:	৩১/১২/২০১৯ থেকে ০২/০১/২০২০
৪।	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৫/০১/২০২০ থেকে ০৮/০১/২০২০

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯২৯১০৬৮

ই-মেইল- [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

তারিখ: ১২/১২/২০১৯

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

(মোঃ কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (সম্মান)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪